আজকের কাগজ

তারিখ 0 4 DEC 1992
পৃষ্ঠা ৭ কলাম ২

32

# শিবিরের কলেজ দখলের ঘটনায় রাজশাহীতে তীব্র উত্তেজনা

গতকাল শিবিরের কর্মীরা ক্যাম্পাসসহ রাজশাহী সরকারি কলেজের সমস্ত দপ্তরগুলো দখল করে নেয়ার ঘটনাকে কেন্দ্র করে সেখানে চরম উত্তেজনা দেখা দেয়। গত বুধবার শিক্ষকদের কমনরুমে ইসলামী ছাত্র শিবিরের নারকীয় হামলার প্রতিবাদে রাজশাহী সরকারি কলেজের শিক্ষকরা ক্লাস বর্জন করে আসছে। শিক্ষকরা উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির ব্যাপারে ছাত্রদলের কর্মীদের নাম অগ্রাধিকার দিচ্ছে এ অভিযোগ এনে উচ্ছৃংখল শিবির কর্মীরা শিক্ষকদের কমনরুমে হামলা চালায়। শিবিরের কলেজের বিভিন্ন ভবনসহ ক্যাম্পাস দখল করাকে কেন্দ্র করে রাজশাহীতে চরম উত্তেজনা বিরাজ করছে। ইউএনবি।